# মিঠাপুকুর উপজেলা পরিষদের মে/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | **মোঃ জাকির হোসেন সরকার**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>মিঠাপুকুর,রংপুর । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| তারিখ | ঃ | ৩১/০৫/২০২২ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা |

. সভায় উপস্হিত সম্মানিত সদস্য সদস্যাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক এ প্রদর্শিত

মিঠাপুকুর উপজেলা পরিষদের অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ জাকির হোসেন সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর। ভার্চূয়াল সভার যোগদান করেন জনাব এইচ এন আশিকুর রহমান, মাননীয় এমপি, ২৩- রংপুর ৫,সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্হায়ী কমিটি ও উপদেষ্ঠা উপজেলা পরিষদ মিঠাপুকুর, রংপুর। সভাপতি সভার আলোচ্যসূচী অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম এগিয়ে নেওয়ার জন্য অনুরোধ করেন।

আলোচ্যসূচী ঃ

০১। বিগত সভার সিদ্ধান্ত পঠন ও প্রকল্পসমূহ চুড়ান্ত অনুমোদন করন।

০২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ।

০৩। বিবিধ আলোচনা।

০১। বিগত সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদন করন ।

১নং আলোচ্য বিষয়ে আলোচনা শুরু হলে বিগত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনানো হয়। কারো কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

০২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ।

২নং আলোচ্য বিষয়ে আলোচনা শুরু হলে সভায় উপস্থিত বিভাগীয় কর্মকর্তাগন তাদের স্ব-স্ব বিভাগের কাজের অগ্রগতি সভায় উপস্হাপন করেন। যা বিভাগওয়ারী নিম্নরুপঃ-

**উপজেলা স্বাস্থ্য ও প:প: বিভাগ:-** উপজেলা হাসপাতালে বহি: বিভাগ, জরুরী বিভাগ ও অন্ত: বিভাগে সেবা কার্যক্রম চলমান। X-ray মেশিন অচল থাকায় X-ray ব্যতিত অন্যান্য পরিক্ষী-নিরীক্ষা দ্বারা রোগ নির্ণয় করা হচ্ছে। জরুরী প্রস্তুতি সেবা কর্মসূচীর আওতায় ২৪ ঘন্টা স্বাভাবিক/নরমাল ডেলিভারী এবং প্রয়োজনে সিজারিয়ান অপারেশন করা হচ্ছে। মিঠাপুকুর কোভিট-১৯ মহামারী নিয়ন্ত্রনে আছে। ১নং খোড়াগাছ ইউনিয়নের পরিবার কল্যাণ কেন্দ্রে ০২ জুন ২০২২ খ্রি. তারিখে মহিলাদের জরায়ূ মূখ ক্যান্সার এ স্কিনিং টেস্ট ক্যাম্পেইন অনুষ্ঠিত হচ্ছে। অপরদিকে ৪-১০ জুন ২০২২খ্রি.তারিখে বুস্টার ডোজের ক্যাম্পেই কমিউনিটি পর্যায়ে অনুষ্ঠিত হবে, এবং ১২-১৫ জুন ২০২২খ্রি. তারিখ ৪দিন ব্যাপী ৪০৯টি নিয়মিত ইপিআই কেন্দ্রে জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে।

**উপজেলা কৃষি বিভাগঃ** । চলতি বোরো মৌসূমে ৩৪০৫০ হেক্টর জমিতে বোরো ধান চাষ করা হয়েছিল। বর্তমান সপ্তাহ পর্যন্ত ৯০ শতাংশ বোরো ধান কর্তন করা হয়েছে। মোট বোরো ধানের উৎপান লক্ষ্যমাত্রা ছিল ১৪৭৭০০ মে. টন। আশা করা যাচ্ছে লক্ষ্যমাত্রার চেয়ে বেশী উৎপাদন হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ২০২২-২৩/খরিপ-১ মৌসূমে আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আউশ প্রণোদনা কর্মসূচীর আওতায় ২৯০০ জন কৃষককে বিনামূল্যে বীজ ও সার দেওয়া হয়েছিল। যা মাঠে বাস্তবায়িত অবস্থায় আছে।

২০২১-২২ অর্থবছরে ২০২২-২৩/খরিপ-১ মৌসূমে কৃষি প্রণোদনার কর্মসূচীর আওতায় ১২০টি গ্রীষ্মকালীন পেঁয়াজ প্রদর্শনীর বরাদ্দ পাওয়া গেছে। যা ইতিমধ্যে উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির মাধ্যমে ইউনিয়নওয়ারী বিভাজন করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রীর যে, প্রতিশ্রুতি এক ইঞ্চি জমিও পতিত থাকবে না তা বাস্তবায়নে কৃষকদের মাঝে পারিবারিক সবজি পুষ্টি বাগান ২৮২টি প্রদর্শনীর মালামাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। বর্তমান জুন মাসে ২৫মে. টন ইউরিয়া সারের বরাদ্দ পাওয়া গেছে। যা উপজেলার ১৭টি ইউনিয়নের বিসিআইসি ডিলারগনের মাঝে বিভাজন করে দেয়া হয়েছে।

**সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ:-** ০৮ টি ইউনিয়ন থেকে মোট ৭১ জনের আবেদন পাওয়া গেছে। যাচাই-বাছাই পূর্বক জেলেদের তালিকা চুড়ান্ত করা হয়েছে। তাছাড়া ২০২১-২০২২ আর্থিক সালে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষে ০৪টি বিল নার্সারী(বড় রুহিয়া বিল, ছোট রুহিয়া বিল, গোছকাট বিল, শালমারা বিল ও রিভার বড় বিল) কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দেশীয় প্রজাতির মাছ বিলুপ্ত হতে রক্ষার জন্য ০২টি বিলে (তুলসীডাঙ্গা বিল ও কাফ্রিখাল বিল) অভয়াশ্রম রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। মান সম্মত রেনু পোনা উৎপানদনের জন্য বেসরকারী হ্যাচারীর নিবন্ধন/নবায়ন করা হচ্ছে। মৎস্য খাদ্য উৎপাদন কারখানার নিবন্ধন/নবায়ন করা হচ্ছে। এ লক্ষে উপজেলার বিভিন্ন মাছ বাজারে

সচেতনতা সভা, অভিযান, মোবাইল কোর্ট চালানো হচ্ছে। মৎস্য বিভাগের কাজ স্বাভাবিক ভাবে চলছে। জেলে নিবন্ধন কার্যক্রম সারা বছরের জন্য চলমান প্রক্রিয়া।

**উপজেলা প্রাণি সম্পদ বিভাগ**:- গত মাসে উপজেলা প্রাণিসম্পদ ও ভেটেনারী হাসপাতালে ২৩১৮ টি গবাদি প্রাণীর ও ১২৩৭০ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়। গত মাসে মোট ৩২ টি পয়েন্টে ২১২৫ টি গাভীর কৃত্রিম প্রজনন করা হয় ১৬০টি গবাদিপশু ও ৮০০০০ টি হাঁস-মুরগীকে ভ্যাক্সিনেশনের আওতায় আনা হয়। ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজি প্রোগ্রাম-ফেজ-২ প্রজেক্ট এর আওতায় ০২ (দুই) জন খামারীকে পিকাপ বিতরণ প্রক্রিয়াধীন আছে। লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট এর আওতায় অত্র উপজেলায় ২৪ (চব্বিশ) টি গ্রুপ এবং গ্রুপের কমিটি গঠন করা হয়। জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেনারী পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্প এর আওতায় জলাতঙ্ক রোগে ক্ষতিগ্রস্থ ০৩ (তিন) জন খামারীকে আর্থিক সহায়তা প্রদান প্রক্রিয়াধীন আছে। খামার রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে

**উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ১নং খোড়াগাছ ইউনিয়নের পদাগঞ্জ হাট-বাজারে জলাবদ্ধতা নিরসনের ০২টি ড্রেন নির্মাণ এবং হাটে বালু/ মাটি ভরাট কাজ ঃ-**

**আলোচনা ঃ** খোড়াগাছ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহেব জানান যে, হাড়ি ভাঙ্গা আম খুব শীঘ্রই অর্থ্যাৎ ১৬/৬/২০২২ তারিখ হতে বাজার জাত করা শুরু হবে। কিন্তু প্রতিবছর দেখা যায় বৃষ্টির পানি হাটে জমে থাকার কারণে হাটের স্থান কর্দামক্ত হওয়ার আম বেচা-কেনার প্রচুর সমস্যা হয়। এই সমস্যা নিরসনের জন্য আমের হাটে পানি নিস্কাশনের জন্য ০২টি ড্রেন নির্মাণ করা এবং হাটে মাটি/বালু ভরাট করা প্রয়োজন। এ বিষয়ে প্রকৌশলী সভায় জানান যে, সাইটটি ইতোমধ্যে পরিদর্শন করা হয়েছে এবং ০২টি ড্রেন এবং মাটি/বালু ভরাটের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** খোড়াগাছ ইউনিয়নের পদাগঞ্জ আমের হাটে বর্ষার সময় জলাবদ্ধতা নিরসনে জন্য ০২ টি ড্রেন নির্মাণে ব্যয় ২,০০০০০/-X ২= ৪,০০০০০/-(চারলক্ষ টাকা) এবং অপর মাটি/বালু ভরাটের কাজটি সংশ্লিষ্ট হাটের হাট-বাজার তহবিলের হতে বিধি মোতাবেক ১৫% ও অনুন্নত হাট উন্নয়ন তহবিল উন্নয়ন করার জন্য ১০% খরচ করার সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়।

২। গত ১৭/০৪/২০২২খ্রি. তারিখে উপজেলা পরিষদ উপজেলা পরিষদ সভার সিদ্ধান্তের আলোকে বঙ্গবন্ধু মূরাল এর নিরাপত্তা জন্য চতুরদিকে প্লাট ফরম তৈরীর জন্য ৪,১৮,৬৮৩/-(চারলক্ষ আঠার হাজার ছয়শত তিরাশি) টাকা প্রাক্কলন অনুমোদিত হয়েছে। উক্ত ব্যয়ভার উপজেলা রাজস্ব তহবিল হতে টেন্ডারের মাধ্যমে ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**উপজেলার কিছু কিছু রাস্তার নতুন আইডি করণ প্রসঙ্গে।**

**আলোচনাঃ- উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,** মিঠাপুকুর উপজেলায় বিভিন্ন রাস্তার আইডি না থাকায় সে গুলো উন্নয়নমূলক কাজ এলজিইডি হতে করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় কিছু রাস্তার নতুন আইডি করার প্রস্তাব করা যেতে পারে।

**সিদ্ধান্ত**- মিঠাপুকুর উপজেলায় নিম্নবর্ণিত রাস্তায় আই ডি না থাকায় সেগুলো আইডি ভুক্ত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সকলে একমত পোষন করেন।

| ক্রঃ নং | রাস্তার নাম | ইউনিয়ন | রাস্তার দৈর্ঘ্য | রাস্তার ধরণ |
|---|---|---|---|---|
| | মন্ডলের বাজার পাকা রাস্তা হতে ভক্তিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা ভায়া শাহজাহানের মিল চাতাল পর্যন্ত। | রানী পুকুর | ২১০০ মি. | ভি আর এ |
| | আবিরের পাড়া মতিন মাষ্টারের বাড়ী হতে আবিরের পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা | চেংমারী | ৮০০ মি. | ভি আর বি |
| | গোপালপুর হামিদিয়া উচ্চ বিদ্যালয় হতে শালবন মোড় পর্যন্ত রাস্তা ভায়া বড় বান্দের পাড়া পর্যন্ত। | গোপালপুর | ২০০০ মি. | ভি আর এ |
| | ডাবরা প্রধান পাড়া হতে ডাবরা জামে মসজিদ পর্যন্ত | দূর্গাপুর | ১০০০ মি. | ভি আর বি |
| | ফকিরপাড়া বটেরতল হতে মৌলভীগঞ্জ আনারুল মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা | খোড়াগাছ | ১০০০ মি. | ভি আর বি |
| | বৈরাগীগঞ্জ হতে শালাইপুর মোড় পর্যন্ত রাস্তা ভায়া বাড়াই পাড়া | পায়রাবন্দ | ৪১০০ মি. | ভি আর এ |

**উপজেলা প্রকৌশলী মিঠাপুকুর:** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে পায়রাবন্দ ইউনিয়নে মুক্তিযুদ্ধের ভাস্কর্য স্থাপনের জন্য ৩৪,০০০০০/- (চৌত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত মুক্তিযুদ্ধের ভাস্কর্য অদ্যাবধি জায়গার নির্ধারণ না করায় স্থাপন করা যাচ্ছে না। দ্রুত জায়গা নির্ধারণের জন্য সভায় আলোচনা করেন।

**সিদ্ধান্ত ঃ** সভায় সিদ্ধান্ত হয় যে, মুক্তিযুদ্ধের ভাস্কর্য স্থাপনের স্থান উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানসহ ভাস্কর্য স্থাপনের স্থান সরেজমিন পরিদর্শনপূর্বক মুক্তিযুদ্ধের ভাস্কর্য স্থান নির্বাচন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে সভার পক্ষ হতে দায়িত্ব প্রদান করা হয়।

**উপজেলা প্রকৌশলী মিঠাপুকুরঃ** সভায় জানান যে, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় প্রায়ই সময় সরকারী কাজের স্বার্থে অনেক রাত পর্যন্ত কাজ করতে হয়। অপরদিকে বিদ্যুৎ চলে গেলে কাজের ব্যাঘাত সৃষ্টি হয়। উক্ত ব্যঘাত নিরসনের জন্য ০২টি আইপিএস ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্তঃ** সরকারী জরুরী কাজের স্বার্থে ০২টি আইপিএস স্পট কোটেশনের মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিল হতে ক্রয়ের সবসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে,** চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষের সামনে জরুরী পানির প্রয়োজনে ০২টি পানির ফিল্টার ক্রয় করা প্রয়োজন।

**সিদ্ধান্তঃ** সরকারি জরুরী কাজের স্বার্থে চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিসে বিশুদ্ধ পানি সরবরাহের নিমিত্ত ০২টি পানির ফিল্টার ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয়ভার উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে স্পট কোটেশনের মাধ্যমে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর মিঠাপুকুর উপজেলা কার্যালয়ঃ-** সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর মিঠাপুকুর, রংপুর সভায় জানান যে, ডাক, টেলিযোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পরিকল্পনা ও উন্নয়ন শাখা এর স্মারক নম্বর ৫৬.০৪.০০০০.০০৬.১৪.০০১.২০.১৬৮ তারিখ: ০৮ নভেম্বর ২০২১খ্রি. তারিখের পত্রখানা সভায় পাঠ করে শুনান। উক্ত পত্রে উল্লেখ রয়েছে যে, উপজেলা পর্যায়ে এলইডি ডিসপ্লে স্থাপনের সম্মতি এবং সম্ভাব্য স্থান নির্বাচন এর জন্য সভায় প্রস্তাব করেন। যাহার ১৬ ফুট প্রস্থের এবং ৮.৫ ফুট উচ্চতা উপজেলা পরিষদ সংলগ্ন উপযুক্ত স্থানে (উন্মুক্ত মাঠের পাশে বা খোলা জায়গায় অথবা বাজারের পাশে যে কোন জনসমাগম হতে পারে এমন স্থান) এলইডি ডিসপ্লে স্থাপনের বিষয়টি সভায় সর্বসম্মতিক্রমে আলোচনা করা হয়।

**সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর মিঠাপুকুর উপজেলা কার্যালয়ঃ-** সভায় বলেন যে, উপজেলায় বিভিন্ন সময়ে কর্মশালা ও ভার্চুয়াল সভা প্রায়ই সময় হয়ে থাকে বর্তমানে যে প্রজেক্টর মেশিনসহ পর্দা আছে তা একেবারেই নষ্ট হয়ে গিয়াছে। কর্মশালা ও ভার্চুয়াল সভা পরিচালনার জন্য জরুরী ভিত্তিতে ০১টি প্রজেক্টর মেশিনসহ পর্দা ক্রয় করা প্রয়োজন মর্মে সভায় জানান।

**সিদ্ধান্ত : প্রজেক্টর সহ পর্দাক্রয়ের বিষয়টি স্পট কোটেশনের মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।**

**চেয়ারম্যান ১৭ নং ইমাদপুর ইউনিয়ন পরিষদ চরকাবাড়ীর ব্রিজের উজানে প্রায় ১ কি. মি. দীর্ঘ কচুরিপানা অপসারন বিষয়কঃ**

**চেয়ারম্যান ১৭ নং ইমাদপুর পরিষদ সভায় জানান যে,** তার ইউনিয়নের চরকাবাড়ী ব্রীজের উজানে প্রচুর কচুরীপানা জমে ফসলের এবং ব্রীজের ক্ষতির সম্ভবনা আছে। তাৎক্ষনিক ভাবে বিষয়টি তিনি উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার এর সাথে আলোচনা করে লেবার নিয়ে প্রয়োজনীয় বাঁশ,রশি ক্রয় করে সেগুলোকে অপসারণের উদ্যোগ গ্রহণ করেন।এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর দপ্তরের সার্ভেয়ারকে দায়িত্ব প্রদান করা হয়। তিনি প্রাক্কলন প্রস্তুত করেন। প্রাক্কলিত অর্থের পরিমাণ ১,৯৮,০০০/-(একলক্ষ আঠানব্বই হাজার) টাকা মাত্র। বর্ণিত কাজ দ্রুততার সাথে পিআইসির মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।বর্ণিত কাজ সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান সমাপ্ত করেছেন এবং ইত্যেপূর্বে ফাইল নোট দিয়ে প্রশাসনিক অনুমোদন গ্রহণ করে সমাপ্ত করা হয়েছে।

**সিদ্ধান্তঃ** চরকাবাড়ী ব্রীজের উজানে প্রচুর কচুরীপানা জমে ফসলের এবং ব্রীজের ক্ষতির সম্ভবনা আছে। উক্ত কচুরিপানা অপসারনের জন্য ১,৯৮,০০০/(একলক্ষ আটানব্বই হাজার)টাকার প্রাক্কলন অনুমোদন এবং কাজটি পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের ঘটোনাত্তর অনুমোদন প্রদান করার সবসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত অর্থ উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা যেতে পারে।

**১৬ নং মির্জাপুর ইউনিয়নের আশ্রায়ণ প্রকল্পের ঘর রক্ষার্থে মাটি আটকানের জন্য গাইড ওয়াল নির্মাণ।**

**উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,** মির্জাপুর ইউনিয়নের পল্লী বিদ্যুৎতের সাব ষ্টেশন এর পার্শ্বে আশ্রায়ন প্রকল্পের ০৭ টি ঘর ইতোমধ্যে নির্মাণ করা হয়েছে। কিন্তু পার্শ্বে খাল থাকায় কারণে ভরাটকৃত মাটি বৃষ্টির পানিতে ধ্বসে যাচ্ছে। উক্ত মাটি রক্ষার্থে উপজেলা প্রকৌশলীসহ তিনি স্থানটি পরিদর্শন করেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী ব্রিকওয়ালের গাইড ওয়াল নির্মাণের জন্য ০২টি অংশে বিভক্ত করে একটি অংশ ২,০০০০০/-(দুইলক্ষ) টাকা অপর অংশটি ১,৮৫,০০০/-(একলক্ষ পঁচাশি হাজার) টাকা সর্বমোট ৩,৮৫,০০০/(তিন লক্ষ পঁচাশি হাজার) টাকা প্রাক্কলন প্রস্তুত করেছেন।

**সিদ্ধান্ত ঃ** আশ্রায়ন প্রকল্পের ব্রিক গাইড ওয়াল নির্মাণের কাজটি ০২টি প্রাক্কলন ২,০০,০০০+১,৮৫,০০০/-টাকা সর্বমোট ৩,৮৫,০০০/ (তিনলক্ষ পঁচাশি হাজার) টাকা প্রাক্কলন অনুমোনের সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত কাজ ০২টি পিআইসি এর মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**যমুনেশ্বরী নদীর ১৫০ মি ব্রিজ এর পার্শ্বে ছোট অপর একটি ব্রীজ এর এপ্রোচ বর্ষায় ভেঙ্গে যাওয়া তা মেরামত করা প্রয়োজন প্রসঙ্গে।**

আলোচনাঃ যমুনেশ্বরী নদীর ১৫০ মি. ব্রিজ এর পার্শ্বে ছোট অপর একটি ব্রীজ এর এপ্রোচ বর্ষায় ক্ষতিগ্রস্থ হয়েছে। তা মেরামত না করা শীঘ্রই রাস্তাটি দিয়ে চলাচল বন্ধ হয়ে যাবে।এ বিষয়ে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,সভায় বিষয়টি অনুমোদিত হলে কাজটি বাস্তবায়নে উদ্যোগ গ্রহন করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ** বর্ণিত কাজটি মেরামত এর প্রাক্কলন প্রস্তুত করে কাজটি বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। পিআইসি এর মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের সর্ববম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নাই। বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রির্সোস সেন্টার জায়গা বরাদ্দ দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়। অত্র প্রতিষ্ঠানটি ৪ তলা ভিত্তিসহ দ্বিতল ভবন নির্মাণের জন্য ৪কোটি ৮০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে । আগামী ১ মাসের মধ্যে সঠিক স্থান নির্বাচন করার জন্য মাননীন উপদেষ্ঠা উপজেলা পরিষদ মিঠাপুকুর, মহোদয় পরামর্শ প্রদান করেন। যাতে করে বরাদ্দকৃত টাকা ফেরত না যায় সে দিকে লক্ষ্য রাখার জন্য বলেন। উপজেলা মাধ্যমিক অফিসার সভায় আরও বলেন যে, উপজেলায় বিভিন্ন ধরণে সভা, সেমিনার প্রায়ই সময় হয়ে থাকে বাইরে থেকে প্রচুর পরিমাণে পানির বোতল ক্রয় করতে হয়। উক্ত পানি বোতল বাহিরে থেকে ক্রয় না করে উপজেলা পরিষদ চত্বরে একটি পানির ফিল্ডার বসানো বিষয়ে সভায় আলোচনা করেন।

**সিদ্ধান্ত :** পানির ফিল্টার ক্রয় করে উপজেলা পরিষদ চত্বরে বসানোর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয়ভার উপজেলা রাজস্ব তহবিলের অর্থ থেকে স্পট কোটেশনের মাধ্যমে পানির ফিল্টার ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে অত্র বিআরডিবি এর অধীনে ১২টি প্রকল্প নিয়ে কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত কার্যক্রম যথারীতি ভাল ভাবে চলছে।

**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ-** উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ মিঠাপুকুর, রংপুর সভায় বলেন যে, অত্র উপজেলায় মোট জনসংখ্যা ৫,৭৩,০৩৭ তন্মধ্যে পুরুষ- ২,৮৮,৪৮৫, মহিলাঃ ২,৮৪,৫৫২ উপজেলায় মোট সক্ষম দম্পতি ৯৮৯৯০ উপজেলা মোট গ্রহণকারী ৭৪৬৬৪ পদ্ধতির হার (CAR) 75.43% অস্থায়ী পদ্ধতিঃ খাবার বড়ি ৩৫৬ কনডম ১৪৭২৬ ইনজেকশন ২২৭২ দীর্ঘমেয়াদি পদ্ধতি আইইউডি-০১ ইমপ্লান্ট-৪৪ স্থায়ী পদ্ধতি পুরুষ- ০ মহিলা - ০৭ উপজেলায় মোট গর্ভবর্তীর সংখ্যা- ২৫৪৭ নরমাল প্রতিষ্ঠানিক ডেলিভারী সংখ্যা ১৬৩ উপজেলায় টি এফআর-১.৬ অন্যা কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

**উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ-** উপজেলা যুব উন্নয়ন অফিস মিঠাপুকুর, রংপুর সভায় জানান যে অত্র উপজেলায় মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা পুরুষ ৩৩৬৯ জন মহিলা ২৪১১ জন আত্মকর্মসংস্থান পুরুষ ২৩০৯ মহিল ১৫৬২ জন মোট= ৩৮৭১ জন আত্মকর্মসংস্থানের জন্য উক্ত প্রশিক্ষণার্থীর মাঝে ২৩,১৫,২৬৪ টাকা প্রদান করা হয়েছে। ক্রমপঞ্জিত বিতরণ ১,৩৫,১০,৫০০/- ক্রমপঞ্জিত আদায়ের হার ৮৫% অপরদিকে যুব সংগঠনের সংখ্যা ১২টি নেটওয়্যাকিং আওতাভুক্ত সংগঠন ২টি। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

**উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে তার অফিসের ভিজিডি কার্যক্রম এপ্রিল/২০২২ মাসের ভিজিডি চাল বিতরণে আদেশ দেয়া হয়েছে কার্ডের সংখ্যা ৩০৪৮টি। সেচ্ছাসেবী ১৬টি সমিতির কার্যক্রম চলমান রয়েছে। মাতৃত্বকাল উপকারভোগী কার্ডের সংখ্যা ২৩৮০টি অপরদিকে আইজিএ কার্যক্রম চলমান রয়েছে। W.T.C কার্যক্রম চলমান রয়েছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প কার্যক্রম চলমান। বাল্য বিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম (সভা, সেমিনার, উঠান বৈঠক) চলমান রয়েছে।

**উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ-** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় ২০২১-২০২২খ্রি.অর্থবছরে মিঠাপুকুর উপজেলায়- ১৭টি ইউনিয়নে জনসংখ্যার ভিত্তিতে ৫০% এবং আয়তনের ভিত্তিতে ৫% অর্থ বিধিমোতাবেক ইউনিয়ন ওয়ারি বিভাজন করা হয়েছে। প্রকল্প নির্বাচন পূর্বক প্রকল্প দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ও ২০% বরাদ্দসহ মোট ৫২টি প্রকল্প পাওয়া গেছে। তৎপ্রেক্ষিতে বাস্তবায়ন নীতিমালা এবং বরাদ্দ পত্রের নির্দেশনার আলোকে প্রকল্পের কাজ দ্রুত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়েছে।

**উপজেলা খাদ্য বিভাগঃ-** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, শঠিবাড়ীর এলএসডি ধারণ ক্ষমতা ২০০০.০০০ মে.ট. বর্তমানে মজুদ প্রায় ২৬৬৪.৪৬১ মে. টন. চাউল এবং ২০২৩৫৮ খানা খালি বস্তা মজুদ রয়েছে। মজুদ সন্তোষজনক। প্রতি বছর গড়ে ১৫,০০০.০০ মে.টন. চাল ও ধান সরবরাহ করা হয়। জায়গার অভাবে সংগৃহীত চাল জেলার বাহিরে প্রেরণ করতে হয় এবং বিলি বিতরণের সময় আবার জেলার বাইরে হতে আনতে হয়। এতে সরকারের বিপুল পরিমাণে আর্থিক ক্ষতি হয়। তাই অত্র উপজেলায় আরও কমপক্ষে ২০০০.০০০ মে.টন. ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম নির্মাণ করা প্রয়োজন। আগামী বোরো ধান সংগ্রহনের জন্য কৃষক নিবন্ধন শুরু হয়েছে। কৃষি বিভাগ এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে বিষয়টি সাধারণ কৃষক ভাইদের অবগতির জন্য অনুরোধ করা হলো। ইতোমধ্যে লিফলেট ও পোষ্টার বিলি বিতরণ শুরু হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**চেয়ারম্যান ১৪ নং দূর্গাপুর ইউনিয়নঃ** চেয়ারম্যান ১৪ নং দূর্গাপুর ইউনিয়ন সভায় বলেন যে, ১৬/৮/২০২০ তারিখে হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক হাট উন্নয়নের ১৫% অর্থদ্বারা জমি ক্রয় করে গরুহাটি স্থানান্তর করা হয়েছে। উক্ত হাটে যাতায়াতের জন্য ৯/৮/২০২০ তারিখে জমি ক্রয় করে যাতায়াতের রাস্তা করা হয়েছে উক্ত জমির টাকা পরিশোধ করা প্রয়োজন।

**সিদ্ধান্ত :** ইতোপূর্বে ১৬/৮/২০২০ তারিখে শঠিবাড়ী গরুহাটির নতুন জমি ক্রয়ের সিদ্ধান্তের রেজুলেশন ও ৯/৮/২০২০খ্রি. তারিখে রেজুলেশনের কপি সভাপতি বরাবর প্রেরণ করার পর পর্যালোচনা করে বিধি মোতাবেক হলে পরবর্তী সভায় সিদ্ধান্ত গ্রহন করা যেতে পারে।

**চেয়ারম্যান ১৪ নং দূর্গাপুর ইউনিয়নঃ** চেয়ারম্যান ১৪ নং দূর্গাপুর ইউনিয়ন সভায় বলেন যে মিঠাপুকুর গোসাইহাটে হোটেলের পানি জমে স্থানীয় জনসাধারণের হাট-বাজারে চলাচলের খুবই অসুবিধা হয়েছে। উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করেন।

**সিদ্ধান্তঃ** মিঠাপুকুর গোসাইহাটে হোটেলের পানি জমে স্থানীয় জনসাধারণের চলাচলের খুবই অসুবিধা হয়েছে। উক্ত অসুবিধা নিরসনের জন্য উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী সরে জমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।

**উপজেলা ভাইস চেয়ারম্যানঃ** উপজেলা ভাইস চেয়াম্যান সভায় বলেন যে, ইতোপূর্বে এডিপির অর্থদ্বারা ক্রয়কৃত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের জন্য ক্রীড়া সামগ্রীগুলো দ্রুত বিতরণের প্রস্তাব করেন। প্রাথমিক বিদ্যালয়ে বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বেগম ফজিলাতুন্নেছা গোল্ড কাপ ফুটবল টুনামেন্ট খেলা শুরু হবে এবং গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগীতা উচ্চ বিদ্যালয়, মাদ্রাসা পর্যায়ে খেলা শুরু হবে সে হেতু ক্রীড়া সামগ্রীগুলো বিতরণ করা প্রয়োজন।

**সিদ্ধান্তঃ** সভায় আলোচনান্তে মিঠাপুকুর উপজেলা বেগম রোকেয়া অডিটরিয়ামে উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় এবং ইউ, পি চেয়ারম্যানগণের উপস্থিতিতে সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের নিকট ক্রীড়া সামগ্রীগুলো বিতরণের জন্য সর্বসম্মত্তিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়, এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা, ও উপজেলা মাধ্যমিক কর্মকর্তা, ক্রীড়া সামগ্রীগুলো অনতিবিলম্বে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সভায় উপজেলা ভাইস চেয়ারম্যান বলেন যে, উপজেলা পরিষদের বাসাবাড়ী রক্ষনাবেক্ষন/ ব্যবস্থাপনা কমিটির সভা বিগত কয়েক বছর যাবত হয় না। এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন যে, উপজেলা পরিষদের বাসাবাড়ী রক্ষনাবেক্ষন কমিটির সদস্য-সচিব উপজেলা প্রকৌশলীকে বার বার সভা আহবান করার কথা বলার পরেও সভা আহবান না করে কালক্ষেপন করছেন।

**সিদ্ধান্তঃ** জুন/২০২২ মাসের মধ্যে বাসাবাড়ী বন্দোবস্ত কমিটির সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

মাননীয় এমপি, ২৩-রংপুর ৫, সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্হায়ী কমিটি ও উপদেষ্ঠা উপজেলা পরিষদ মিঠাপুকুর, রংপুর। মহোদয় ভার্চূয়ালী সভায় অংশগ্রহণ করেন।দিক নির্দেশনা প্রদান করে সকলের সমন্বয়ে কাজ করার পরামর্শ প্রদান করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১২/৫/2022

( মোঃ জাকির হোসেন সরকার )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মিঠাপুকুর,রংপুর।

উপজেলা পরিষদ কার্যালয়
মিঠাপুকুর, রংপুর ।

স্মারক নং- ০৫.৪৭.৮৫৫৮.০০১.০০.০০০.২২-৬৩৮/১ (৫০)

তারিখ ঃ ৩১ মে ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। জনাব এইচ এন আশিকুর রহমান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৩-রংপুর-৫ (মিঠাপুকুর) উপদেষ্টা উপজেলা পরিষদ ও সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্হায়ী কমিটি ।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।

৩। উপজেলা ভাইস চেয়ারম্যান, মিঠাপুকুর, রংপুর।

৪। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), মিঠাপুকুর, রংপুর।

৫। উপজেলা................................................অফিসার, মিঠাপুকুর, রংপুর ।

৬। চেয়ারম্যান.....................................(সকল), ইউনিয়ন পরিষদ, মিঠাপুকুর, রংপুর ।

৩১/০৫/২০২২

( উপজেলা নির্বাহী অফিসার )
মিঠাপুকুর,রংপুর।